

# ফুল দিতে গিয়ে পিটুনি খেল ছাত্রদল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রকাশিত: ১৭:৫৫, ৬ মে ২০২৩

1




শিক্ষার্থীদের ফুল দেয়া হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে কলা, আইন ও সামাজিক বিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষা শনিবার (৬ মে) শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ভর্তি পরীক্ষা দিতে আসা শিক্ষার্থীদের ফুল দিতে গিয়ে হামলার শিকার হয়েছেন ছাত্রদল নেতাকর্মীরা। তবে হামলায় ছাত্রলীগই জড়িত বলে অভিযোগ ছাত্রদলের।



6 দিনের মধ্যে রক্তনালী 18 বছর  
বয়সের মতো হবে!  
প্রতিদিন সকালে খালি পেটে এটি  
করুন



6 দিনের মধ্যে রক্তনালী 18 বছর  
বয়সের মতো হবে!  
প্রতিদিন সকালে খালি পেটে এটি  
করুন

শনিবার সকাল ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত ঢাবি ক্যাম্পাসসহ আটটি বিভাগীয় শহরে কলা, আইন ও সামাজিক বিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঢাবি ক্যাম্পাসে আগত ভর্তিচ্ছুদের পরীক্ষা শেষে ফুল দিয়ে শুভেচ্ছা জানায় ছাত্রদল। এ কর্মসূচি শেষে চলে যাওয়ার পথে শিক্ষা চতুর সংলগ্ন কার্জন হলের গেটের সামনে ছাত্রদলের নেতাকর্মীদের উপর হামলা হয়। এতে ছয়জন আহত হয়েছেন বলে জানিয়েছেন ঢাবি ছাত্রদলের সভাপতি আরিফুল ইসলাম।

আহতরা হলেন- ঢাবি ছাত্রদলের সিনিয়র যুগ্ম-সম্পাদক মুমিনুল ইসলাম জিসান, যুগ্ম সাধারণ রাজু আহমেদ, জহুরুল হক ছাত্রদলের কর্মী আব্দুল্লাহ আল সাবির, বঙ্গবন্ধু হলের সাংগঠনিক সম্পাদক অনিক, স্যার এ এফ রহমান হলের যুগ্ম সাধারণ সম্পাদক জারিফ, জহুরুল হক হল ছাত্রদলের কর্মী আতিক ইশরাক।

ঢাবি ছাত্রদলের সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম বলেন, ‘ভর্তি পরীক্ষার সময় নবীনদের শুভেচ্ছা জানাতে গেলে ফুল ও কলমের বিরুদ্ধে যে সংগঠন সশন্ত হামলা চালায়, তা আদৌ ছাত্রসংগঠন কিনা সন্দেহ আছে। আমাদের পরিকল্পনা ছিল কলা ভবনের সামনে গিয়ে শিক্ষার্থীদের ফুল দেব। কিন্তু শহীদ মিনারের সামনে ছাত্রলীগের নেতাকর্মীদের দেশীয় অস্ত্রসহ উপস্থিতি দেখে আমরা হাইকোর্টের সামনের কার্জন হলের গেটে দাঁড়িয়ে ফুল দেয়ার সিদ্ধান্ত নেই। কিন্তু সেখানেও আমাদের ওপর হামলা করেছে তারা।

তিনি বলেন, ‘অনতিবিলম্বে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক বিচারের দাবি জানাচ্ছি। না হলে তাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদল রাজপথেই ছাত্রলীগকে কঠোর হাতে দমন করবে।’

অপরদিকে, হামলার অভিযোগকে সম্পূর্ণ বানোয়াট দাবি করে ঢাবি ছাত্রলীগ সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকত বলেন, ‘আমরা সকাল থেকেই ভর্তিচ্ছুদের সহায়তায় ব্যস্ত ছিলাম। শুনেছি ছাত্রদলের দুই গ্রুপ ফুল দিতে গিয়ে নিজেদের মধ্যে মারামারি করেছে। আমরা তাদের আহ্বান জানাব যেন এসব না করে। কারণ, ভর্তিচ্ছুরা তাতে আতঙ্কিত হবে।’